

**বিষয় :** ডেভেলপমেন্ট ম্যানেজার-১ হতে সহকারী ম্যানেজার (সেলস) পদে পদোন্নতির মান-নির্ণায়ক (Criteria) ।

জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ১৯৯২ ও জীবন বীমা কর্পোরেশন উন্নয়ন ম্যানেজার ও উন্নয়ন অফিসার চাকুরি প্রবিধানমালা ১৯৭৮ অনুসরণে ডেভেলপমেন্ট ম্যানেজার-১ হতে সহকারী ম্যানেজার (সেলস) পদে পদোন্নতি বিবেচনার জন্য বিদ্যমান মান-নির্ণায়ক (Criteria) নিম্নরূপ :

**মান-নির্ণায়ক (Criteria) :**

(১) <u>প্রথম বর্ষ প্রিমিয়াম আয় (Performance Standard)</u>	<u>সর্বোচ্চ নম্বর-৪০</u>
বিবেচ্য বছরের পূর্ববর্তী ০৫বছরে (পাঁচ)র প্রতি বছরে-	
ক) নির্ধারিত কোটার ১০০%-১০৯% পর্যন্ত ১ম বর্ষ প্রিমিয়াম আয়ের জন্য	: ৩৫ নম্বর
খ) নির্ধারিত কোটার ১১০%-১১৯% পর্যন্ত ১ম বর্ষ প্রিমিয়াম আয়ের জন্য	: ৩৬ নম্বর
গ) নির্ধারিত কোটার ১২০%-১২৯% পর্যন্ত ১ম বর্ষ প্রিমিয়াম আয়ের জন্য	: ৩৭ নম্বর
ঘ) নির্ধারিত কোটার ১৩০%-১৩৯% পর্যন্ত ১ম বর্ষ প্রিমিয়াম আয়ের জন্য	: ৩৮ নম্বর
ঙ) নির্ধারিত কোটার ১৪০%-১৪৯% পর্যন্ত ১ম বর্ষ প্রিমিয়াম আয়ের জন্য	: ৩৯ নম্বর
চ) নির্ধারিত কোটার ১৫০% ও তদুর্ধ্ব ১ম বর্ষ প্রিমিয়াম আয়ের জন্য	: ৪০ নম্বর
(এক্ষেত্রে প্রয়োজনে ডি.এম-২/ ডি.এম-৩ পদে প্রিমিয়াম আয়ের হিসাব বিবেচনায় নিতে হবে)	
(২) <u>২য় বর্ষ নবায়ন প্রিমিয়াম আয়ের ভিত্তিতে (Persistency Ratio):</u>	<u>সর্বোচ্চ নম্বর-২০</u>
বিবেচ্য বছরের পূর্ববর্তী ০৫(পাঁচ) বছরের প্রতি বছরে-	
ক) ২য় বর্ষ নবায়ন প্রিমিয়াম আয়ের হার (Persistency Ratio) ৩০%-৩৯% পর্যন্ত	: ১৫ নম্বর
খ) ২য় বর্ষ নবায়ন প্রিমিয়াম আয়ের হার (Persistency Ratio) ৪০%-৪৯% পর্যন্ত	: ১৬ নম্বর
গ) ২য় বর্ষ নবায়ন প্রিমিয়াম আয়ের হার (Persistency Ratio) ৫০%-৫৯% পর্যন্ত	: ১৭ নম্বর
ঘ) ২য় বর্ষ নবায়ন প্রিমিয়াম আয়ের হার (Persistency Ratio) ৬০%-৬৯% পর্যন্ত	: ১৮ নম্বর
ঙ) ২য় বর্ষ নবায়ন প্রিমিয়াম আয়ের হার (Persistency Ratio) ৭০%-৭৯% পর্যন্ত	: ১৯ নম্বর
চ) ২য় বর্ষ নবায়ন প্রিমিয়াম আয়ের হার (Persistency Ratio) ৮০% ও তদুর্ধ্ব	: ২০ নম্বর
(৩) <u>বার্ষিক গোপনীয় প্রতিবেদন (দক্ষতা ও শারীরিক সক্ষমতাসহ):</u>	(৩×৪)= <u>সর্বোচ্চ নম্বর-১২</u>
বিবেচ্য বছরের পূর্ববর্তী ০৩(তিন) বছরের গোপনীয় প্রতিবেদন-	
অসাধারণ (৯৫-১০০)	: ০৪ নম্বর
অত্যুত্তম (৮৫-৯৪)	: ০৩ নম্বর
উত্তম (৬১-৮৪)	: ০২ নম্বর
চলতি মান (৪১-৬০)	: ০১ নম্বর
(৪) <u>পেশাগত শিক্ষা :</u>	<u>সর্বোচ্চ নম্বর- ১৮</u>
(i) <u>শিক্ষাগত যোগ্যতা :</u>	<u>নম্বর- ১২</u>
ক) স্নাতকোত্তর/০৪(চার) বছর মেয়াদী সন্মান	: ১২ নম্বর
খ) ৩ বছর মেয়াদী স্নাতক	: ১১ নম্বর
গ) ২ বছর মেয়াদী স্নাতক	: ১০ নম্বর
ঘ) এইচ এস সি	: ০৯ নম্বর
ঙ) এস এস সি	: ০৮ নম্বর
(ii) <u>পেশাগত প্রশিক্ষণ-</u>	<u>নম্বর- ৬</u>
এসি আই আই/ইন্সুরেন্স ডিপ্লোমা (অন্যান্য পেশাগত প্রশিক্ষণ থাকুক বা না থাকুক)	: ০৬ নম্বর
অন্যান্য পেশাগত প্রশিক্ষণ	: ০৩ নম্বর
(৫) <u>চাকরির দৈর্ঘ্য (ডেভেলপমেন্ট ম্যানেজার-১)</u>	<u>সর্বোচ্চ নম্বর -১০</u>
ক) ডেভেলপমেন্ট ম্যানেজার-১ হিসেবে প্রতি বছর চাকরির জন্য-	: ০.৫ নম্বর
খ) ডেভেলপমেন্ট ম্যানেজার-১ হিসেবে ২০ বছর এবং তদুর্ধ্ব চাকরির জন্য	: ১০ নম্বর

(৬) বিবেচ্য বছরের পূর্ববর্তী ০৩(তিন) বছরের মধ্যে কোন বছর ১ম বর্ষ প্রিমিয়াম আয়ের বার্ষিক কোটা ১০০% পূরণে ব্যর্থ হলে ডি.এম-১ হতে সহকারী ম্যানেজার (সেলস) পদে পদোন্নতির যোগ্য বলে বিবেচিত হবেন না।

(৭) পদোন্নতি বিবেচনার জন্য উপর্যুক্ত মান-নির্ণায়ক (Criteria) পদ্ধতি নীতিমালায় মোট ১০০ নম্বরের মধ্যে প্রার্থীর কোয়ালিফাইং নম্বর হবে ৮০(আশি)। কোয়ালিফাইং নম্বর প্রাপ্ত ডেভেলপমেন্ট ম্যানেজার-১ গণের জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির বিবেচনা করা হবে।

(৮) শুধুমাত্র ২০১৭ সালের পদোন্নতিযোগ্য পদসমূহের মধ্যে বিশেষ ক্ষেত্র বিবেচনায় রংপুর বিভাগের জন্য ০১টি পদ এবং সিলেট বিভাগের জন্য ০১টি পদ মোট ০২(দুই)টি পদ সংরক্ষিত থাকবে। বিষয়টিকে ভবিষ্যতে উদাহরণ হিসেবে গ্রহণ করা যাবে না। এ দুটি পদ শুধুমাত্র রংপুর এবং সিলেট বিভাগের প্রার্থীগণের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে, রংপুর এবং সিলেট বিভাগের প্রার্থীগণ কোয়ালিফাইং নম্বর ৮০(আশি) অর্জনে ব্যর্থ হলে সেক্ষেত্রে কোয়ালিফাইং নম্বরের সীমা শিথিল করার বিষয়ে পর্যদ সিদ্ধান্ত গ্রহণ করবে। সিলেট বিভাগের জন্য সংরক্ষিত ০১ (এক) টি পদে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উক্ত সংরক্ষিত পদটি শূন্য না রেখে খুলনা বিভাগের উপযুক্ত প্রার্থী দ্বারা পূরণ করা যাবে।

(ক) কোন ডেভেলপমেন্ট ম্যানেজার-১ এর বিরুদ্ধে আর্থিক বা অন্য কোন বিষয়ে অনিয়ম সংক্রান্ত বিষয়ে বিভাগীয় মামলা চলমান থাকলে সেক্ষেত্রে মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

(খ) কোন ডেভেলপমেন্ট ম্যানেজার-১ এর বিরুদ্ধে ফৌজদারী মামলার অভিযোগপত্র দাখিল বা দুদক কর্তৃক দায়েরকৃত মামলার চার্জশিট দাখিল বা ফৌজদারী মামলা দায়েরের কর্তৃপক্ষীয় মঞ্জুরী প্রদান করা হলে অথবা উক্তরূপ কারণে গ্রেফতার হলে উক্ত মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

(গ) কোন ডেভেলপমেন্ট ম্যানেজার-১ এর উপর কোন দন্ড আরোপ করা হলে দন্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর অর্থাৎ দন্ডের মেয়াদ শেষে লঘুদন্ডের ক্ষেত্রে ১ বছর এবং গুরুদন্ডের ক্ষেত্রে ২(দুই) বছর পদোন্নতিযোগ্য বিবেচিত হবেন না।

(ঘ) কোন ডেভেলপমেন্ট ম্যানেজার-১ বিভাগীয় মামলা হতে অব্যাহতি পেলে বা দোষী সাব্যস্ত না হলে বা দুদক কর্তৃক দায়েরকৃত মামলা বা ফৌজদারী মামলার অভিযোগ হতে অব্যাহতি পেলে পদ শূন্য থাকা সাপেক্ষে তিনি পরবর্তী পদে পদোন্নতির জন্য বিবেচিত হবেন।

(ঙ) পদোন্নতি বিবেচনার জন্য প্রার্থীদের কারো কোন দেনা থাকলে দেনার বিষয়টি আমলে নিতে হবে, অর্থাৎ দেনা পরিশোধ না হওয়া পর্যন্ত পদোন্নতি বিবেচনায় নেয়া হবে না।